



ISO 9001, ISO 14001 &  
OHSAS 18001 Certified

সভাপতি, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮ইং।



# সূচিপত্র

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
উপক্রমনিকা

সেকশন-১ঃ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প(Vision)  
অভিলক্ষ(Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলী।

সেকশন -২ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, লক্ষ্যমাত্রাসমূহ।



   
১৭/৫/১৭

(Overview of the Performance of Thakurgaon PBS)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

• সাম্প্রতিক বছরসমূহের ৩ (তিন) বছর প্রধান অর্জন সমূহঃ

ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী, রানীশংকৈল, হরিপুর উপজেলা ও পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর, আটোয়ারী, বোদা, দেবীগঞ্জ, তেতুলিয়া (আংশিক) ০২ (দুই) জেলার ১০ উপজেলার সমন্বয়ে ৩১৬৫ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত হয়। বর্তমান সরকারের রূপকল্প- ২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে এপ্রিল/২০১৭ ইং পর্যন্ত ৭০৯৬ কিলোমিটার লাইন নির্মাণ করে বিভিন্ন শ্রেণীর ২,৪৯,৮৪২ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের নিজস্ব অর্থায়নে প্রায় ৮ কোটি টাকা ব্যয়ে পঞ্চগড় গ্রীডে ৩৩ কেভি সুইচিং স্টেশন নির্মাণ ও চালু করা হয়েছে। জাইকা (আরইইউপি) এর আওতায় ৩৩/১১ কেভি রুহিয়া ১০ এমভিএ ও গড়েয়া ৫ এমভিএ নতুন এবং পঞ্চগড় উপকেন্দ্র ৫ থেকে ১০ এমভিএ এবং আরআরডিপি-২ প্রকল্পের আওতায় বালিয়াডাঙ্গী ও আটোয়ারী উপকেন্দ্র ৫ থেকে ১০ এমভিএতে উন্নীত করে ইতোমধ্যে চালু করা হয়েছে। তাছাড়া পঞ্চগড় গ্রীড হতে বোদা উপজেলা পর্যন্ত ২৪ কিলোমিটার ডাবল সার্কিট (৪৮ কিলোমিটার) ৩৩ কেভি নতুন লাইন জাইকা প্রকল্পের আওতায় চালু করে লোড বিভাজন করা হয়েছে। ঠাকুরগাঁও গ্রীড হতে পীরগঞ্জ পর্যন্ত ১.৮ এমসিসিপি প্রকল্পের আওতায় ২০ কিঃ মিঃ ডাবল সার্কিট (৪০ কিঃ মিঃ) ও পীরগঞ্জ হতে হরিপুর পর্যন্ত সিএসএসপি প্রকল্পের আওতায় ১৯ কিলোমিটার সিঙ্গেল সার্কিট ৩৩ কেভি লাইন নির্মাণ কাজ শেষ হয়েছে। ফলে অত্র পবিসের সিস্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে নিয়ে আসা সম্ভব হবে। অধুনালুপ্ত সিট মহলে ২৫০ কিঃ মিঃ নতুন লাইন নির্মাণের মাধ্যমে ১০,০০০ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে। পবিসের ৪টি উপজেলায় (ঠাকুরগাঁও সদর, বালিয়াডাঙ্গী, হরিপুর ও আটোয়ারী) আগামী জুন/২০১৮ ইং এবং অবশিষ্ট ৬টি উপজেলায় ডিসেম্বর/২০১৮ইং শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে ইনশাআল্লাহ।

• সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৬৭ মেঃ ওঃ এ পর্যন্ত চাহিদা অনুযায়ী গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া না যাওয়ায় লোড শেডিং করে সিস্টেম পরিচালনা করা হচ্ছে। গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না যাওয়ায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এছাড়া অত্র পবিসের আওতায় প্রায় ১৪০০ কিঃমিঃ পানি উন্নয়ন বোর্ড হতে অধিগ্রহণকৃত স্টীল খুটির পুরনো লাইন আছে। এই লাইন সমূহের তার ও পোল পরিবর্তনের জন্য রিহেভিলেটেশন প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে। অত্র পবিসের ৭০৯৬ কিঃ মিঃ দীর্ঘ বিদ্যুৎ লাইন রয়েছে যা পবিসের নিজস্ব, পানি উন্নয়ন বোর্ড, বাবিউবো ও বিএমডিএ কর্তৃক নির্মিত। ফলে গাছ পালা সমৃদ্ধ গ্রামীণ এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও পবিসের জন্য একটি বড় চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিক ভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে বিউবো/ পিজিসিবি এর বিলসহ দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ তার নগদ মূল্যে ক্রয় করাও অত্র পবিসের জন্য একটি বড় সমস্যা।

• ভবিষ্যৎ পরিকল্পনাঃ

অত্র পবিসের ভৌত অবকাঠামো শক্তিশালী করা ও ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ঠাকুরগাঁও পবিস এর আওতায় ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহক গনের চাহিদা পূরণের লক্ষ্যে আরআরডিপি-২ প্রকল্পের আওতায় পীরগঞ্জ পৌরসভায় পীরগঞ্জ উপকেন্দ্র ১০ থেকে ২০ এমভিএতে বোদা পৌরসভায় বোদা উপকেন্দ্র ১০ থেকে ২০ এমভিএতে ও নেকমরদ (বাবিউবো হতে অধিগ্রহণকৃত) ৫ থেকে ১০ এমভিএতে উন্নীত করা হবে। এছাড়া ১.৫ এমসিসি প্রকল্পের আওতায় বোদা - ২, দেবীগঞ্জ-২, হরিপুর প্রত্যেকটি ১০ এমভিএ নতুন উপকেন্দ্র নির্মাণের কাজ চলমান। পঞ্চগড় জেলার দেবীগঞ্জে পঞ্চগড় অর্থনৈতিক অঞ্চল (বেজা) নির্মাণ ও দেবীগঞ্জ -১ উপকেন্দ্রের ক্ষমতা ১০ থেকে ২০ এমভিএতে উন্নীত করতে হবে যার প্রস্তাবনা প্রকল্প ভুক্ত আছে। উক্ত অর্থনৈতিক অঞ্চলের জন্য পঞ্চগড় ও ডোমার গ্রীড হতে ৩৩ কেভি লাইন ও রিভার ট্রান্সিং টাওয়ার নির্মাণের প্রস্তাবনা প্রক্রিয়াধীন আছে। সেই সাথে বেজা অঞ্চলের জন্য একটি ১৩২/৩৩ কেভি, ১০০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণের প্রস্তাবনা পিজিসিবি এর নিকট দাখিল করা আছে শতভাগ বিদ্যুতায়ন সহ ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণে ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ঠাকুরগাঁও গ্রীড এর ক্ষমতা ৫০/৮২ থেকে ১০০/১৬৪ এমভিএ পঞ্চগড় গ্রীডের ক্ষমতা ৫০/৮২ হতে ১০০/১৬৪ এমভিএ করার প্রাথমিক পিজিসিবি কর্তৃক হাতে নিয়েছে। উক্ত গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও বিদ্যুতায়নের পর গ্রীড সমূহ হতে বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে অত্র পবিসের সিস্টেম লস ১১.৫০% এর মধ্যে আনা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.৩০ অর্জনে পদক্ষেপ গ্রহণ এবং আগামী ২ বছরের মধ্যে পর্যায়ক্রমে গ্রাহক প্রাপ্তে ২০,০০০ প্রিপেইড মিটার স্থাপন করা সহ মোট ৪,৮০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।



২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ

- ০১। জুন/২০১৮ নাগাদ অত্র পবিসের আওতাধীন ৪টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করণ।
- ০২। ৩টি নতুন ৩৩/১১ কেভি, ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান ও ৩ টি উপকেন্দ্র (১০ হতে ২০ এমভিএ ২টি ও ৫ হতে ১০ এমভিএতে ১টি) ক্ষমতা বৃদ্ধি করণ।
- ০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
- ০৪। বকেয়ার মাস ১.৩০ অর্জন করণ।
- ০৫। সিস্টেম লস ১১.৫০% অর্জন করণ।



## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ পরিসেবা পৌছানোর লক্ষ্যে-

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এবং

সভাপতি, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:



## সেকশন -১

:ঠাকুরগাও পবিস এর রূপকল্প(Vision)অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলী

১.১রূপকল্প(Vision):ঠাকুরগাও পবিসের আওতাধীনসকল জনগন কে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা ।

১.২ অভিলক্ষ্য( Mission):জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে( প্রতিটি ঘরে ) বিদ্যুৎ সুবিধা পৌছে দেওয়া ।

## ১.৩কৌশলগত উদ্দেশ্য সমূহ(Strategig Objectives)

- ০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন ।
- ০২। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান ।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন ।
- ০৪। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন ।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদনচুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
- ০২। কর্মপদ্ধতি ও সেবার মান উন্নয়ন ।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন ।
- ০৪। কর্মপরিবেশ উন্নয়ন ।
- ০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ জোরদার করা ।
- ০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন ।

## ১.৪ কার্যাবলী(Functions)

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিত বিদ্যুৎ বিতরন ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন ।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টিম লস হ্রাস করণ ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহাও গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখীকাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ
- ০৪। অত্র পবিসের এলঅকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন
- ০৫। পবিসের আয়বৃদ্ধি ওব্যয় সংকোচনের ব্যবস্থা করা
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজী করন ।
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা ।
- ০৮। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্ত করণ ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা ।
- ১০। বকেয়া আদায় ও আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা ।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ওসুশাসন প্রতিষ্ঠা ।
- ১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ।
- ১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন ।



সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ  
ঠাকুরগাঁও পকিস

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target / Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection)	প্রক্ষেপণ (Projection)
						২০১৫-১৬	২০১৬-১৭*	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			1. System Loss (Grid Meter) [ % ] (w/o	%	২৮	১৩.৯২%	১১.৮৫%	১১.৫০%						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	১.৬১	১.৭৫	১.৩০						
			3. Collection Bill(CB) Ratio (%) (without G	%	১	১০১.৪৪%	৯৩.৯১%	৯৯.০০%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o	%	১	৮৭.৩২%	৮২.৭৯%	৮৭.৬২%						
			5. Recovery of amounts written=off	%	১	৫.৮১%	০.০০%	৫.০০%						
			6. Payment of debt service liability (Tk	Tk	৭	৩৭,৬১৯	-	৩০,০০০						
			7. O & M EXP. (EX. PC, Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o	Tk	২	১.৩১	১.৩৫	১.৪৫						
			8. Rev. / KM of Line w/o resale (TK) 000	Tk	১	২২৩	১১৪	২৫০						
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	৩২.০০%	১৭.৮০%	২৫.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed	%	১	৮.০০%	৩.৬৪%	৪.০০%						
			11. Percentage of Damaged Transformer	%	১	১১৫%	১২০%	১০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place -	%	২	১৩.৮২%	১২.২১%	৩.০০%						
			13. Store Management Performance:											
			a. Physical Inventory of all Stores	%	১	১০০%	১০০%	১০০%						

W

১০০%

		b. Timely Closeout of Mini & Force	%	3	32%	38%	40%					
		14. Maintenance and Up-gradation of equipment record	%	2	100%	35%	100%					
		15. Improvement of Power Factor	%	3	0.30	0.30	0.32					
		16. Action on Meter Report	%	3	100%	90	100%					
		17. Average Training hour per	Hour	2	28	28	28					
		18. Implementation of Annual Development Program (Issuance)	%	3	100%	100%	100%					
		19. Timeliness to attend	%	3	100%	100%	100%					
		20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	2	120	120	100					
		21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	2	8.32	2	9.5					
		22. % of overloaded Transformer	%	2	50%	0%	200%					
		23. % of New Connected	%	0	50%	0%	100%					
		24. Accounts Payable	Month	3	100	100	100					

*EM*

*(Signed)*

*Shyama*








আমি, সভাপতি, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি -এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরী

  
১৩/৭/১৭

(মোঃ ইনছের আলী)  
জেনারেল ম্যানেজার  
ঠাকুরগাও পবিস।

  
১৩/৭/১৭


(আহম্মদ হোসেন)  
সভাপতি

ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি বোর্ড

  
১৩/৭/১৭

পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

মুহাম্মদ সজ্জিদুর রহমান  
পরিচালক (সং দায়)  
পবিস বোর্ড (উঃ) পরিদপ্তর

  
১৩/৭/১৭

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(মাসিনা বেগম)  
সচিব (বোর্ড)।

৩

সচিব (সং দায়), বাপাবোর্ড